রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।

আইন বিভাগ ।

প্যানেল এ্যাডভোকেট পদে নিয়োগ বিজ্ঞপ্তি

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, ঢাকা কর্পোরেট শাখা, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী, জোনাল কার্যালয়, বগুড়া(উঃ), জয়পুরহাট, পাবনা, রংপুর, গাইবান্ধা, নীলফামারী ও দিনাজপুর(দঃ) জোনসমূহের জন্য প্যানেল এ্যাডভোকেট এর শুন্য পদে নিয়োগের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিয়োগ সংক্রান্ত শর্তাবলী ও নির্ধারিত আবেদন ফরম www.rakub.org.bd ওয়েব সাইট সহ আইন বিভাগ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী; স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহীর জন্য স্থানীয় মূখ্য কার্যালয়, ২৭২, বনলতা, বা/এ, ডাকঘর- সপুরা, রাজশাহী, ঢাকা কর্পোরেট শাখার জন্য রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ৬৫, দিলকুশা বা/এ (২য় তলা), ঢাকা-১০০০ এবং জোনাল কার্যালয়ের জন্য স্ব স্ব জেলায় অবস্থিত সংশ্লিষ্ট জোনাল কার্যালয় হতে অফিস চলাকালীন সময় সংগ্রহ করা যাবে এবং বর্ণিত কার্যালয় সমূহে জমা করা যাবে।

আবেদনপত্র জমাদানের সর্বশেষ তারিখ আগামী ২১ সেপ্টেম্বর ২০১৭ ।

মোঃ বেল্লাল হোসেন
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ০২৪৭-৮৬০৫৩৩

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী

আইন বিভাগ

প্যানেল এ্যাডভোকেট পদে নিয়োগের আবেদনপত্র

০১। আবেদনকারীর নাম ঃ
০২। পিতার/স্বামীর নাম ঃ
০৩। মাতার নাম ঃ
০৪। স্থায়ী ঠিকানা ঃ

০৫। বর্তমান ঠিকানা (টেলিফোন নম্বর যদি থাকে) ঃ

০৬। ক) জাতীয়তা ঃ
খ) জাতীয় পরিচয়পত্র নং
০৭। জন্ম তারিখ (এস এস সি সার্টিফিকেট অনুসারে) ঃ
০৮। বয়স (২১-০৯-২০১৭ তারিখে) ঃ
০৯। শিক্ষাগত যোগ্যতা ঃ

ক্রঃনং	পরীক্ষার নাম	পরীক্ষার সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম	প্রাপ্ত বিভাগ/ শ্রেণী

১০। আইনজীবি হিসাবে তালিকাভূক্তির তারিখ (বাংলাদেশ বার কাউন্সিলের সনদপত্রের কপিসহ) ঃ

১১। আইন ব্যবসায়ে অভিজ্ঞতা- ঃ
(অর্থ ঋণ আদালত/জেলা জজ আদালত/প্রশাসনিক ট্রাইবুন্যাল/সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপিল বিভাগ/অন্যান্য আদালতে মোকদ্দমা পরিচালনার অভিজ্ঞতা আলাদা আলাদাভাবে উল্লেখ করতে হবে।)।

১২। আইন ব্যবসায়ে বিশেষ বিশেষ ক্ষেত্রে পারদর্শিতা- ঃ
(ব্যাংকিং আইন, ব্যাংক কোম্পানী আইন ও অর্থঋণ আদালত আইনের আওতায় পরিচালিত প্রতিষ্ঠানওয়ারী মোট কেসের সংখ্যা এবং পক্ষে ও বিপক্ষে প্রাপ্ত কেসের সংখ্যা উল্লেখ করতে হবে। প্রয়োজনে আলাদা কাগজে তথ্য সংযোজন করা যাবে)

১৩। বর্তমানে অত্র ব্যাংকে বা অন্য কোন প্রতিষ্ঠানে আইনজীবি হিসাবে নিয়োজিত থাকলে প্রতিষ্ঠানের নাম এবং কখন হতে নিয়োজিত আছেন তার বিবরণ ঃ

১৪। আইন পেশার বাইরে অন্য কোন কাজের সংগে জড়িত থাকলে তার বিবরণ ঃ

১৫। ৫০০/-(পাঁচশত) টাকার সংযুক্ত ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার এর নম্বর, তারিখ, ব্যাংকের নাম ও শাখার নাম ঃ

১৬। অন্যান্য অভিজ্ঞতা (যদি থাকে) ঃ

তারিখঃ .... আবেদনকারীর স্বাক্ষর

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

আইন বিভাগ

প্যানেল এ্যাডভোকেট নিয়োগের শর্তাবলী

০১। আবেদনকারীকে আইন বিষয়ে অন্যূন স্নাতক ডিগ্রীধারী ও বাংলাদেশ বার কাউন্সিল হতে সনদপত্র প্রাপ্ত এবং মামলা পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

০২। প্যানেল এ্যাডভোকেট পদে আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং সংশ্লিষ্ট জেলা সদরে স্থায়ীভাবে বসবাসকারী আইন ব্যবসায়ে নিয়োজিত আইনজীবি হতে হবে।

০৩। বর্তমানে আইন ব্যবসায়ে নিয়োজিত আছেন এমন অবসর প্রাপ্ত জেলা জজ (অনুর্ধ ষাট বছর) আবেদন করতে পারবেন।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ব্যাংকিং আইন, ব্যাংক ঋণ আদায়ে অর্থ ঋণ আদালত আইন ও পি ডি আর এ্যাক্ট এবং অন্যান্য দেওয়ানী মোকদ্দমা সংক্রান্ত আইনে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

০৫। নিয়োগপ্রাপ্ত প্যানেল এ্যাডভোকেটগণ ব্যাংকের মামলা পরিচালনা ও অন্যান্য আইনগত মতামত প্রদানের জন্য ব্যাংকের অনুমোদিত হারে ফি প্রাপ্য হবেন।

০৬। প্যানেল এ্যাডভোকেট একই সময়ে একাধিক প্রতিষ্ঠানে তালিকাভুক্ত আইন উপদেষ্টা/আইনজীবি হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না।

০৭। প্যানেল এ্যাডভোকেটগণকে দুই বছরের জন্য নিয়োগ করা হবে। মেয়াদকাল পুর্তির আগে যে কোন পক্ষ ৩০ দিনের নোটিশে নিয়োগ বাতিল/ইস্তফা প্রদান করতে পারবেন।

০৮। ব্যাংকের প্যানেল এ্যাডভোকেট হিসেবে নিয়োজিত থাকাকালীন সময়ে ব্যাংক সংক্রান্ত বিষয়ে ব্যাংকের প্রতিপক্ষকে মতামত প্রদান কিংবা ব্যাংকের বিরুদ্ধে কোন আদালতে মামলা পরিচালনা কিংবা ব্যাংকের প্রতিপক্ষকে সমর্থন করা যাবে না।

০৯। ব্যাংকের মূল মামলা যে প্যানেল এ্যাডভোকেট এর মাধ্যমে দায়ের করা হবে সংশ্লিষ্ট মামলার ডিক্রী প্রাপ্তির পর সম্ভাব্যক্ষেত্রে সেই প্যানেল এ্যাডভোকেট ডিক্রীজারী/কার্যকর মামলা দায়ের ও পরিচালনা করবেন।

১০। অত্র বিজ্ঞপ্তি জারীর পুর্বে কোন আবেদনকারী আবেদন করে থাকলে তা বাতিল বলে গণ্য হবে।

১১। ফৌজদারী আইনে দন্ডপ্রাপ্ত অথবা বাংলাদেশ বার কাউন্সিল হতে দন্ডপ্রাপ্ত কোন আইনজীবি অত্র ব্যাংকে প্যানেল এ্যাডভোকেট হিসেবে আবেদন করতে পারবেন না।

১২। প্যানেল এ্যাডভোকেটগণ প্রধান কার্যালয়ের, আইন বিভাগ এর সার্বিক তত্ত্বাবধানে প্রধান কার্যালয়/নির্ধারিত জোনের আইনগত মতামত ও মামলা সংক্রান্ত কার্যাবলী ব্যাংকের চাহিদা মোতাবেক সম্পাদন করবেন। দায়িত্ব পালনের ক্ষেত্রে প্যানেল এ্যাডভোকেটগণের প্রচেষ্টার অভাবে/ভুল-ভ্রান্তির জন্য ব্যাংক কোন ক্ষতির সম্মুখীন হলে কর্তৃপক্ষের নিকট তাঁকে জবাবদিহি করতে হবে এবং তদ্‌প্রেক্ষিতে ব্যাংকের যাবতীয় ক্ষয়-ক্ষতির জন্য সংশ্লিষ্ট প্যানেল এ্যাডভোকেট দায়ী থাকবেন।

১৩। ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতার সার্টিফিকেট, প্রশংসা পত্রের সত্যায়িত ফটোকপি, দেওয়ানী মোকদ্দমা পরিচালনার অভিজ্ঞতা বিষয়ে জেলা জজের প্রত্যয়নপত্র ,বাংলাদেশ বার কাউন্সিলের সনদপত্র এবং সংশ্লিষ্ট জেলা আইনজীবি বার সমিতির সনদপত্র সমূহের সত্যায়িত ফটোকপি অবশ্যই আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ঢাকা শাখার প্যানেল এ্যাডভোকেটের ক্ষেত্রে সুপ্রীম কোর্ট বার-এসোসিয়েশনের সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১৪। আবেদনপত্রের সাথে 'রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী' এর অনুকুলে ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পেমেন্ট অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

১৫। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের প্যানেল এ্যাডভোকেট পদের জন্য আগ্রহী প্রার্থীগণকে নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ আগামী ২১ সেপ্টেম্বর, ২০১৭ তারিখের মধ্যে নিম্নবর্ণিত কার্যালয়ে পৌছাতে হবে ঃ

ক্রমিক নং	যে কার্যালয়ের জন্য প্যানেল এ্যাডভোকেট পদে আবেদনপত্র আহবান করা হয়েছে	আবেদনপত্র জমা দানের স্থান
০১।	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহীর জন্য প্যানেল এ্যাডভোকেট পদের আবেদন পত্র।	আইন বিভাগ, রাকাব, প্রধান কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ২৭২, বনলতা, বা/এ, বড়বনগ্রাম, ডাকঘর-সপুরা, রাজশাহী।
০২।	ঢাকা কর্পোরেট শাখার জন্য প্যানেল এ্যাডভোকেট পদের আবেদন পত্র।	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, ঢাকা কর্পোরেট শাখা, ৬৫, দিলকুশা বা/এ (২য় তলা), ঢাকা-১০০০। ফোন নং- (০২) ৯৫৬৯৪০৮
০৩।	বগুড়া(উঃ), জয়পুরহাট, পাবনা, রংপুর, গাইবান্ধা, নীলফামারী ও দিনাজপুর(দঃ) জোনাল কার্যালয়সমূহের জন্য প্যানেল এ্যাডভোকেট পদের আবেদন পত্র।	স্ব-স্ব জেলা সদরে অবস্থিত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের সংশ্লিষ্ট জোনাল কার্যালয়।

১৬। ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।